

সামাজিক সুরক্ষা ছাড়া কোন শোভন কাজ নয়

আন্তর্জাতিক শোভন কাজ দিবসে, ইন্ডাস্ট্রিঅলের ক্রিস্টিনা হাজাগোস-ব্লুজেন পোশাক শ্রমিকদের উপর কোভিডের প্রভাব এবং এই কর্মশক্তির জন্য সামাজিক সুরক্ষা অর্জনের জন্য বিশ্বব্যাপী প্রচারণার উপর জোর দিয়েছেন।

দুই বছর আগে যখন পাভি* চাকরি হারালেন, সবকিছু বদলে গেল। আগে, তিনি এক দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশের একটি পোশাক কারখানায় অপারেটর হিসেবে কাজ করে আসছিলেন। এখন তিনি তার চাকরি হারিয়েছেন এবং তার তিন সন্তানের ভরণপোষণের জন্য সংগ্রাম করে যাচ্ছেন।

“আমার তিনটি সন্তান আছে। আমার স্বামী পক্ষাঘাতগ্রস্ত - খুব অসুস্থ। পরিবারের একমাত্র উপার্জনের উৎস আমি। আমার বাচ্চারা স্কুলে পড়ছে। আমাকে ডাক্তারের খরচ দিতে হয়। এত খরচ আছে। আমি এটা আর সহ্য করতে পারছি না। বাচ্চারা স্কুলে যাচ্ছে। আমার অনেক টাকার প্রয়োজন, কিন্তু আমি কিছুই পাচ্ছি না।”

বিশ্বব্যাপী দক্ষিণাঞ্চলের পোশাক উৎপাদনকারী দেশগুলি বড় ব্র্যান্ডগুলিকে অপেক্ষাকৃত কম কর এবং নিয়ন্ত্রণে শিথিলতা প্রদান করে, কিন্তু নামেমাত্র কয়েকটি ব্র্যান্ড ফ্যাক্টরি শ্রমিকদের প্রতি তাদের বাধ্যবাধকতা পূরণ করছে।

পাভির ঘটনা কোন বিচ্ছিন্ন মামলা নয়। অল্প কিছু গার্মেন্টস শ্রমিকদের নিরাপত্তা বেঁটনী আছে। অসুস্থতা, গর্ভাবস্থা বা অপ্রয়োজনীয়তা - এসবকিছু একটি পরিবারকে চরম দারিদ্রের দিকে ধাবিত করতে পারে।

কোভিড মহামারী এই শ্রমশক্তির দুর্বলতাকে উন্মোচিত করেছে এবং সম্প্রসারিত করেছে।

শায়ান* কে তার স্ত্রী অসুস্থ হওয়ার পর চাকরি ছাড়তে বলা হয়েছিল এবং তিনি কাজে আসতে ব্যর্থ হয়েছিলেন। তিনি প্রায় পাঁচ বছর সেখানে কাজ করেছিলেন। তার স্ত্রী একজন ক্যান্সার রোগী ছিলেন এবং তিনি কোভিডে আক্রান্ত হওয়ার পর হাসপাতালে ভর্তি ছিলেন। শায়ান বলেন, “যখন আমি কারখানায় ফিরে গেলাম তখন তারা বলল আগামীকাল কাজে আসবে না। তারা আমার সাথে খুব অশালীন ভাষা ব্যবহার করেছে।”

শায়ানের স্ত্রী এখনো সুস্থ হননি। শায়ান এখন তার ৯ বছরের ছেলেকে একাই লালন-পালন করছেন, তার বড় পরিবারকে সহযোগিতা করছেন এবং রিকশাচালক হিসাবে কাজ করে সকল চাহিদা পূরণ করতে চান। ফ্যাক্টরি তাকে যে সুবিধাগুলি দিবে বলেছিল ছিল তা তাকে দেওয়া হয়নি। তার ইউনিয়ন এবং ইন্ডাস্ট্রিঅলের এর সাহায্যে, তিনি তার কিছু পাওনা অর্থ আদায় করতে পেরেছিলেন, কিন্তু সেটাই সবকিছু নয়। তিনি বলেন, “আমি আমার ছেলেকে শিক্ষিত করার চেষ্টা করছি, পরিবারের জন্য আমার সেবাটা দেওয়ার চেষ্টা করছি। যদি ফ্যাক্টরি আমার পাওনা পরিশোধ করে, তাহলে আমার দৃঢ় বিশ্বাস আমি আমার ছেলেকে আরও ভালো অবস্থানে রাখতে পারব।”

করোনাভাইরাস যেসব ফ্যাক্টরিগুলোকে প্রত্যক্ষভাবে প্রভাবিত করেছে তাদের পাশাপাশি ফ্যাক্টরি বন্ধ হয়ে যাওয়া বা অর্ডার হারানোর কারণে কোভিড তাদের হাজার হাজার উপার্জন ছিনিয়ে নিয়েছে।

মানবী* কাঁদতে কাঁদতে আমাদের বলছিলেন যে তিনি যে ফ্যাক্টরিতে গত পাঁচ বছর ধরে ফিনিশার হিসেবে কাজ করেছিলেন ছয় মাস আগে সেটা বন্ধ হয়ে গেছে। তিনি তার বাসা ভাড়া পরিশোধ করতে বা খাবার কিনতে পুরোপুরি অক্ষম, সে কারণে তিনি ঋণগ্রহণে বাধ্য হয়েছেন এবং এখন উচ্ছেদের মুখোমুখি হচ্ছেন। "আমি ঋণগ্রস্ত। কিন্তু আমি এটা পরিশোধ করতে পারছি না। এখন কেউ আমাদের টাকা দিতে চায় না। আমার ছেলে যদি কিছু খেতে চায়, আমি তাকে কিছু খেতে দিতে পারছি না।"

বিশ্বব্যাপী পোশাক শিল্প এই সকল শ্রমিকদের ব্যর্থ করেছে, অনেক ব্র্যান্ড এখনও স্বেচ্ছাসেবী উদ্যোগ এবং ফ্যাক্টরি অডিটের সাথে জড়িত।

আমরা যদি গার্মেন্টস সেক্টরে শোভন কাজ করতে চাই, তাহলে সাপ্লাই চেইনের প্রতিশ্রুতি অবশ্যই আইনগতভাবে প্রয়োগ করতে হবে। স্বেচ্ছামূলক কর্মকাল্ড এটিকে সমাধান করে না। আমাদের ব্র্যান্ড, নির্মাতারা এবং ইউনিয়নের মধ্যে বাধ্যতামূলক চুক্তি দরকার যা শ্রমিকদের তাদের প্রাপ্য নিরাপত্তা বেষ্টনী নিশ্চিত করবে। টেক্সটাইল এবং গার্মেন্টস শিল্পে স্বাস্থ্য ও সুরক্ষায় নতুন আলোচিত আন্তর্জাতিক চুক্তি আধুনিক সরবরাহ শৃঙ্খল শিল্প সম্পর্ক কেমন হওয়া উচিত তার জন্য মডেল প্রদান করে।

সেক্টরের মধ্যে ইউনিয়ন শক্তিকে শক্তিশালী করা গুরুত্বপূর্ণ। স্থানীয়ভাবে শ্রমিকদের সংগঠিত করা এই নিরাপত্তা বলয়গুলো স্থাপনের জন্য আরও বেশি সুবিধা তৈরি করবে। আন্তর্জাতিকভাবে এই কার্যক্রমে যোগদান, এবং ইন্ডাস্ট্রিঅল-এর বিশ্বব্যাপী প্রচারাভিযানে অংশগ্রহণ করে, ইউনিয়নগুলি, পুরো সেক্টরকে দৃশ্যমানভাবে রূপান্তরিত করতে সাহায্য করতে পারে।

পোশাক খাতে সামাজিক সুরক্ষার জন্য ইন্ডাস্ট্রিঅল-এর প্রচারাভিযান সম্পর্কে আরও তথ্যের জন্য, যোগাযোগ করুন chajagos-clausen@industriall-union.org

*শ্রমিকদের পরিচয় রক্ষার জন্য নাম পরিবর্তন করা হয়েছে, কিন্তু এখানে উল্লেখ করা শ্রমিকরা সবাই বাংলাদেশী

বক্স / সাইড বার তথ্য

সামাজিক সুরক্ষা কি?

সামাজিক সুরক্ষা হল নীতিমালা এবং কর্মসূচির একটি সেট যা কোন চক্রের মধ্যে দারিদ্র্য এবং দুর্বলতা হ্রাস এবং প্রতিরোধের জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। সামাজিক সুরক্ষার সুবিধাগুলোর মধ্যে রয়েছে শিশু ও পরিবারের জন্য সুবিধা, মাতৃত্ব, বেকারত্ব, কর্মসংস্থানে দুর্ঘটনা, অসুস্থতা, বার্ধক্য, অক্ষমতা, বেঁচে থাকা, সেইসাথে স্বাস্থ্য সুরক্ষা।

সামাজিক সুরক্ষা রাষ্ট্রের মাধ্যমে রাষ্ট্রের বিভিন্ন স্কিম বা কর-অর্থায়িত সুবিধাগুলির সাহায্যে প্রদান করা যেতে পারে, অথবা অন্যান্য স্টেকহোল্ডার যেমন মালিকদের মাধ্যমেও দেয়া যেতে পারে।

পোশাক শিল্প সম্পর্কে

নারী শ্রমিক: পোশাক খাতে প্রায় ৮০% শ্রমিক হলেন নারী যেখানে বিশ্বব্যাপী উৎপাদন কর্মীদের সবমিলিয়ে মাত্র এক তৃতীয়াংশ নারী শ্রমিক। যেসকল চাকরিতে বেশিরভাগ শ্রমিকই নারী সেখানে কম বেতন, দীর্ঘ কর্মঘণ্টা, পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকির পাশাপাশি সহিংসতা এবং হয়রানির প্রবণতা রয়েছে।

গ্লোবাল সাউথ: গার্মেন্টস শিল্প শ্রম নির্ভর শিল্প যেখানে কম বিনিয়োগ, কম প্রযুক্তির প্রয়োজন এবং কম মূল্য সংযোজন, তাই গার্মেন্টস উৎপাদন বিশ্বব্যাপী দক্ষিণে কেন্দ্রীভূত। কিছু কিছু ক্ষেত্রে, কোন কোন অর্থনীতিতে গার্মেন্টস উৎপাদনকে প্রধান শিল্পের মর্যাদা দেওয়া হয়।

কোভিডের অর্থনৈতিক প্রভাব: মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় বাজারের জন্য সরকারী আমদানির তথ্য অনুযায়ী ২০২০ সালের জন্য পোশাক আমদানিতে শুধুমাত্র বাতিল আদেশের কারণেই ১ বিলিয়ন ডলারের ব্যবধান দেখায়।